দৈনিক
জনকণ্ঠ

তারিখ 08 DEC 2017
পৃষ্ঠা ১০ কলাম ২

# চারুকলা অনুষদের ডিনসহ দুই শিক্ষকের শাস্তি

## রাবির ভর্তি পরীক্ষা

**রাবি সংবাদদাতা ॥** রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) চারুকলা অনুষদের ভর্তি পরীক্ষায় সাম্প্রদায়িক বিদ্বেষমূলক প্রশ্নপত্র প্রণয়ন করার দায়ে অনুষদের ডিন অধ্যাপক মোস্তাফিজুর রহমানসহ দুই শিক্ষককে দশ বছরের জন্য সব ধরনের পরীক্ষা কার্যক্রম থেকে বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বুধবার রাতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম আব্দুস সোবহানের সভাপতিত্বে অনুষ্ঠিত ৪৭৪তম সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক এম এ বারী এ তথ্য নিশ্চিত করেছেন।

বহিষ্কৃত অপর শিক্ষক হলেন চিত্রকলা, প্রাচ্যকলা ও ছাপচিত্র বিভাগের সহকারী অধ্যাপক মো. জিল্লুর রহমান। প্রশ্ন প্রণয়নকারী হিসেবে জিল্লুর রহমানের পদোন্নতি পাঁচ বছর বন্ধ রাখার নির্দেশ দেয়া হয়েছে। গত ২৫ অক্টোবর রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত চারুকলা অনুষদের ভর্তি পরীক্ষায় দুইটি প্রশ্নে সাম্প্রদায়িকতার অভিযোগ ওঠে। প্রশ্ন দুটি ছিল, পৃথিবীর সর্বশ্রেষ্ঠ গ্রন্থের নাম কী? উত্তরের জন্য দেয়া চারটি অপশন ছিল- (ক) 'পবিত্র কুরআন শরীফ (খ) পবিত্র বাইবেল (গ) পবিত্র ইঞ্জিল (ঘ) গীতা। গীতার আগে 'পবিত্র' ছিল না।

অন্য প্রশ্ন জানতে চাওয়া হয় মুসলমান রোহিঙ্গাদের উপর মায়ানমারের সেনাবাহিনী ও বৌদ্ধ ধর্মালম্বীরা সশস্ত্র হামলা চালায় কত তারিখে? এ ঘটনায় সাম্প্রদায়িকতার অভিযোগ এনে প্রশ্নকারী শিক্ষকদের শাস্তি দাবি করে বিভিন্ন সংগঠন এবং চারুকলা অনুষদের শিক্ষক-শিক্ষার্থীরা। তিন সিন্ডিকেট সদস্য বলেন, সাম্প্রদায়িক প্রশ্নপত্র প্রণয়নের বিষয়টি তদন্তের জন্য গত ২৮ অক্টোবর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ রাবি উপ-উপাচার্য অধ্যাপক আনন্দ কুমার সাহাকে আহ্বায়ক করে চার সদস্যের কমিটি গঠন করে।